# আন্ডার ট্রায়াল রিভিউ কমিটি এবং আপনি

## আন্ডারট্রায়াল রিভিউ কমিটি (UTRC) কি?

এটি একটি জেলা পর্যায়ের সংস্থা যা 2015 সালের এপ্রিল মাসে সুপ্রিম কোর্টের নির্দেশে গঠিত হয়েছিল। তিন মাসের মধ্যে কমপক্ষে একবার বন্দীদের মামলা পর্যালোচনা করা বাধ্যতামূলক। উপযুক্ত মামলাগুলি পর্যালোচনা করার পরে, এটি সংশ্লিষ্ট আদালতে বন্দীদের মুক্তি সহ প্রতিটি ক্ষেত্রে যথাযথ সুপারিশ করে।

## এই কমিটির সদস্য কারা?

এটি জেলার সর্বাধিক উচ্চপদস্থ বিচার বিভাগীয় কর্মকর্তার নেতৃত্বে একটি পাঁচ সদস্যের কমিটি। এটিতে নিম্নলিখিত সদস্যগণ রয়েছেন:

1. জেলা ও দায়রা(সেশন) জজ - চেয়ারপারসন
2. জেলা ম্যাজিস্ট্রেট - সদস্য
3. সচিব, ডি. এল. এস. এ - সদস্য
4. জেলার সকল কারাগারের দায়িত্বে থাকা কর্মকর্তা - সদস্য /সদস্যরা
5. পুলিশ সুপার – সদস্য

## কমিটি কিভাবে কাজ করে?

1 **প্রস্তুতি:** জেল সুপারিন্টেন্ডেন্ট সমস্ত কয়েদিদের তালিকা জেলা আইনজীবি কর্তৃপক্ষের (ডি. এল. এস. এ) সচিবের কাছে প্রেরণ করেন। তিনি ডানদিকের খোপে দেওয়া তালিকাটির মানদণ্ড অনুসারে যোগ্য বন্দীদের তালিকা প্রস্তুত করেন।

2 **বৈঠক /মিটিং:** জেলা ও দায়রা/সেশন জজ সভার সভাপতিত্ব করেন। এখানে কমিটির সদস্যরা তালিকাভুক্ত মামলাগুলির পর্যালোচনা করেন এবং যথাযথ সুপারিশ করেন।

3 **সুপারিশ ও কর্ম প্রক্রিয়া :** - কমিটির সুপারিশগুলি নথিভুক্ত করা হয় এবং সকল সদস্যের কাছে পাঠানো হয়। এছাড়া বিবেচনার জন্য সংশ্লিষ্ট আদালতে প্রেরণ করা হয়।

4 **ফলোআপ:** কমিটি পরবর্তী বৈঠকে /মিটিং এ উক্ত সুপারিশগুলির উপর গৃহীত পদক্ষেপের পর্যালোচনা করে এবং প্রতিটি মামলার পরিস্থিতি নথিভুক্ত করে।

## যদি কমিটি দ্বারা আপনার মামলা পর্যালোচিত হয়ে থাকে তবে এর অর্থ কি আপনাকে মুক্তি দেওয়া হবে?

না, যদি আপনার মামলাটি কমিটি দ্বারা পর্যালোচনা করা হয় তবে, বা যেখানে কমিটি দ্বারা কোন সুপারিশ করা হয়েছে, তার অর্থ এই নয় যে আপনাকে মুক্তি দেওয়া হবে। আপনার আইনজীবির আদালতে আবেদন করার প্রয়োজন হতে পারে। যেখানে আপনার বিচার চলছে সেই আদালত আপনার মুক্তির সিদ্ধান্ত নিতে পারে। আপনার মামলার পরিস্থিতি, যে সুপারিশগুলি দেওয়া হয়েছে এবং এটির অগ্রগতি সম্পর্কে জানতে আপনি কোন কারা-কর্মকর্তা বা আপনার আইনজীবিকে জিজ্ঞাসা করতে পারেন।

## যদি আপনার মামলা পূর্বে বিবেচনা করা হয়ে গিয়ে থাকে, তবে এটি আবার বিবেচনা করা যেতে পারে?

হ্যাঁ, কমিটি দ্বারা মামলাগুলির একাধিকবার পর্যালোচনা করার কোনও বাধা নেই। যদি কমিটি আপনার মামলার ক্ষেত্রে কোনও সুপারিশ না করে বা সংশ্লিষ্ট আদালত / কর্তৃপক্ষ প্রস্তাবটি প্রত্যাখ্যান করে, তবে আপনার মামলাটি কমিটি পুনরায় পর্যালোচনা করতে পারে।

## আপনি যদি দোষী হন, তবে UTRC কি আপনার মামলার পর্যালোচনা করবে?

হ্যাঁ,(আন্ডার ট্রায়াল রিভিউ কমিটি) UTRC আপনার কেসটি পর্যালোচনা করতে পারে যদি:

1. আপনি আপনার সাজার সময় সম্পূর্ণ করেছেন, বা
2. সাজা মকুব হওয়ার কারণে আপনি মুক্তি পাওয়ার অধিকারী।

মুক্তি না দেওয়ার কারণগুলি কমিটি নির্ধারন করতে পারে এবং মুক্তি নিশ্চিত করার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণের সুপারিশ করতে পারে।

## আপনার মামলাটি কমিটির বিবেচনার জন্য যোগ্য কিনা তা জানতে চাইলে আপনি কার সাথে যোগাযোগ করতে পারেন?

যে কোনও সন্দেহ নিরসন করতে বা প্রশ্ন থাকলে আপনি আপনার উকিলের সাথে কথা বলতে পারেন বা আপনার পরিবারের সদস্যদের আপনার উকিলের সাথে কথা বলার জন্য বলতে পারেন বা জেল পরিদর্শনকারী আইনজীবি অথবা

## যদি আপনি একজন বিচারাধীন বন্দী হন এবং:

- যদি আপনি ছোটখাটো অপরাধের জন্য অভিযুক্ত হন যেখানে সর্বোচ্চ সাজা 2 বছরের বেশি নয়; বা
  (ছোটখাটো অপরাধের অন্তর্ভুক্ত লঘু অপরাধ যার শাস্তি হয় অল্প জরিমানা বা কয়েক মাসের কারাদন্ডে দণ্ডিত হওয়া)
- যদি আপনার বয়স **19** থেকে **21** বছর বয়সের মধ্যে হয় এবং সর্বাধিক সাত বছরের কম সাজা* হয় এমন কোনও অপরাধে অভিযুক্ত হন এবং সাব্যস্ত অপরাধের অধীনে সর্বাধিক সাজার কমপক্ষে **1/4** ভাগ পূর্ণ করেছেন; বা
- যদি আপনি কোন ছোটখাটো অপরাধ যেমন চুরি বা প্রতারণা করে অপরাধী হন (আই. পি. সি **(IPC)** র ধারা **379, 380, 381, 404, 420** এর অধীনে) বা কোন একটি অপরাধ যার জন্য সর্বাধিক সাজা **2** বছর অবধি রয়েছে ; বা
- যদি আপনি 60 দিনেরও বেশি সময় কারাগারে থাকেন তবে আপনি যে অপরাধের জন্য দোষী সাব্যস্ত হয়েছেন তার সর্বাধিক নির্ধারিত শাস্তি 10 বছরেরও কম এবং অভিযোগপত্র এখনও দায়ের করা হয়নি; বা
- যদি আপনি 90 দিনেরও বেশি সময় কারাগারে থাকেন তবে আপনি যে অপরাধের জন্য দোষী সাব্যস্ত হয়েছেন তার সর্বাধিক নির্ধারিত সাজা 10 বছর বা তারও বেশি এবং অভিযোগপত্র এখনও দায়ের করা হয়নি; বা
- যদি আপনি **180** দিনেরও বেশি সময় কারাগারে রয়েছেন যখন আপনার বিরুদ্ধে নারকোটিক্স ড্রাগস এন্ড সাইকোট্রোপিক সাবস্ট্যান্সেস অ্যাক্ট **(NDPS), 1985** এর অধীনে বাণিজ্যিক পরিমাণে মাদক রাখার অপরাধের অভিযোগ রয়েছে এবং অভিযোগপত্র এখনও দায়ের করা হয়নি; বা
- যদি আপনি কোন অপরাধের জন্য দোষী সাব্যস্ত হয়েছেন এবং তাতে মৃত্যুর সর্বোচ্চ সাজা না থাকে এবং আপনি সর্বোচ্চ সাজার অর্ধেক পার করে ফেলেছেন ; বা
- যদি আপনি 'জামিনযোগ্য অপরাধ' করে অভিযুক্ত হন এবং 7 দিনেরও বেশি কারাগারে আটক থাকেন; বা
  (জামিনযোগ্য অপরাধে অভিযুক্তের জামানত দিয়ে জামিন পাওয়ার অধিকার রয়েছে)
- যদি আপনার বিরুদ্ধে 'ম্যাজিস্ট্রেটের বিচারে জামিন পাওয়ার অযোগ্য' অপরাধের অভিযোগ পাওয়া যায় এবং প্রমাণাদি নথিভুক্ত করার প্রথম তারিখের **60** দিনের মধ্যে আপনার বিচার সম্পন্ন না হয়; বা
  (যেসব অপরাধে সর্বোচ্চ সাজা **3** বছরের কম ধার্য করা হয় না সেগুলি ম্যাজিস্ট্রেট দ্বারা বিচারযোগ্য)
- যদি আপনার মামলা আইনের আওতায় মিটিয়ে নেওয়া যায়; বা
  (মিটমাট যোগ্য অপরাধগুলি সাধারণত দু' বছরের কম সাজা সহ গুরুতর নয় এমন অপরাধ। **CrPC, S 320** সংঘটিত অপরাধগুলির তালিকা সরবরাহ করে)
- যদি আপনি অসুস্থ বা রুগ্ন হন এবং আপনার বিশেষ ধরনের চিকিৎসার প্রয়োজনীয়তা আছে ; বা
- যদি আপনি ত্রুটিপূর্ণ মনের হন বা মানসিকভাবে অসুস্থ হন; বা
- যদি আপনাকে আদালত থেকে জামিন দেওয়া হয়েছে কিন্তু আপনি জামানত দিতে অসমর্থ; বা
- যদি আপনি সি আর পি সি**(Cr.P.C)**-র ধারা **107, 108, 109** বা **151** এর অধীনে আটক হন; বা
- যদি আপনি একজন মহিলা হন।

*Cr. P. C র ' ক্লাসিফিকেসন অব অফেন্সেস' শিরোনামের অন্তর্ভুক্ত প্রথম তালিকায় রয়েছে 'জামিন যোগ্য অপরাধ', 'সর্বোচ্চ সাজা ', 'ম্যাজিস্ট্রেট কর্তৃক বিচারযোগ্য মামলা' ইত্যাদি অপরাধগুলির সম্পর্কে তথ্য। আপনার অপরাধ UTRL এর জন্য উপযুক্ত কিনা জানতে সাহায্যের জন্য PLV বা জেল পরিদর্শনকারি আইনজীবির কাছে অনুরোধ করতে পারেন।

**আপনার মামলাটি আপনার জেলার আন্ডার ট্রায়াল রিভিউ কমিটি(UTRC) দ্বারা পর্যালোচনার জন্য উপযুক্ত হবে।**


CHRI
Commonwealth Human Rights Initiative
working for the *practical* realisation of human rights in the Commonwealth

**Commonwealth Human Rights Initiative**
3rd Floor, 55A, Siddhartha Chambers, Kalu Sarai, New Delhi - 110 016
Tel: + 91-11-43180200, +91-11-43180221 (Direct) Fax: +91-11-43180217
Email: info@humanrightsintiative.org. Website: www.humanrightsinitiative.org